গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
www.mowr.gov.bd
রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ অধিশাখা

'ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা নীতিমালা' (খসড়া)-চূড়ান্তকরণ সভার কার্যবিবরণী

সভাপতি	জাহিদ ফারুক মাননীয় প্রতিমন্ত্রী
সভার তারিখ	১৯ ফেব্রুয়ারি ২০২৪
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার সভাপতি মাননীয় প্রতিমন্ত্রী জনাব জাহিদ ফারুক, এমপি সভায় উপস্থিত পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব জনাব নাজমুল আহসান, পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর সংস্থার প্রধানগণ এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের কর্মকতাগণ-কে স্বাগত জানান। তিনি ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা নীতিমালা (খসড়া) প্রণয়নের ধারাবাহিক কার্যক্রমের প্রশংসা করে বলেন, এই নীতিমালাটি ড্রেজিং পরিচালনা ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনায় কার্যকর ভূমিকা রাখবে।

২। জনাব নাজমুল আহসান, সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় বলেন, নিয়মিত ড্রেজিং কার্যক্রম পরিচালনার মাধ্যমে নদী প্রবাহমান রাখা পানি সম্পদ মন্ত্রণালয়ের ম্যান্ডেটভূক্ত কার্যক্রম। তিনি বলেন, ড্রেজিং প্রক্রিয়ায় প্রাপ্ত ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা সমধিক গুরুত্বপূর্ণ কাজ। এ লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন করাসহ সকল মন্ত্রণালয় হতে প্রাপ্ত লিখিত মতামতের আলোকে খসড়া নীতিমালাটি প্রনীত হয়েছে। বিবেচ্য নীতিমালায় ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা সম্পর্কিত বিষয়সমূহ বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে। তিনি আরোও বলেন, নীতিমালাটি মাঠ পর্যায়ে ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনায় সহায়ক হবে।

৩। অতঃপর, মাননীয় প্রতিমন্ত্রীর অনুমতিক্রমে জনাব আব্দুল্লাহ আল আরিফ, যুগ্মসচিব (রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ) সভায় পরিমার্জিত ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা নীতিমালা (খসড়া) উপস্থাপন করেন। সভায় উপস্থিত মাননীয় প্রতিমন্ত্রী, সচিব মহোদয়সহ পানি সম্পদ মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাগণ, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর সংস্থার প্রধান ও উর্দ্ধতন কর্মকর্তাগণ খসড়া নীতিমালার উপর বিস্তারিত বিশ্লেষণধর্মী আলোচনা ও মতামত তুলে ধরেন।

৪। সভায় বিস্তারিত পর্যালোচনা, মতবিনিময় শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব

১।	অদ্যকার সভার পর্যবেক্ষণ, সুপারিশ, সিদ্ধান্তের আলোকে খসড়া নীতিমালাটি পরিমার্জন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	যুগ্মসচিব (রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ), পানি সম্পদ মন্ত্রণালয়
২।	পরিমার্জনকৃত নীতিমালায় বাংলা ভাষার প্রায়োগিক দিকে অধিকতর গুরুত্ব প্রদান করাসহ বাক্য গঠন, ভাষার প্রাঞ্জল প্রয়োগ ঘটিয়ে সুপাঠ্য ভাষাশৈলী সমৃদ্ধ নীতিমালা প্রণয়নের লক্ষ্যে খসড়াটি পুনরায় প্রস্তুত করে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	
৩।	নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ করে পরিমার্জিত নীতিমালাটি যথাদ্রুত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

জাহিদ ফারুক
মাননীয় প্রতিমন্ত্রী

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৪.২২.০০১.১৮.৪৩

তারিখ: ৭ ফাল্গুন ১৪৩০
২০ ফেব্রুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) .....১ম শ্রেণীর কর্মকর্তাগণ, পানি সম্পদ মন্ত্রণালয়।

২) পানি সম্পদ মন্ত্রণালয়ের সকল সংস্থা প্রধান

মেহরুবা ইসলাম
সিনিয়র সহকারী সচিব